

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৬)/২০১৯-৭৬২(৫৪)

তারিখঃ ১৭ নভেম্বর ২০১৯ খ্রিঃ

প্রাপকঃ অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ
নার্সিং কলেজ/ইনস্টিটিউট

.....
.....

বিষয়ঃ পরীক্ষা কেন্দ্রসচিব নিয়োগপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ১৭-১১-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের (১ম বর্ষ) চূড়ান্ত পরীক্ষা ২২-১২-২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। উক্ত পরীক্ষা দেশের বিভিন্ন নার্সিং কলেজ/ইনস্টিটিউটে আপনার/আপনাদের সহায়তায় অনুষ্ঠিত হবে। বর্ণিত পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাউন্সিলের পক্ষে আপনাকে লিখিত এবং মৌখিক-ব্যবহারিক পরীক্ষার
. কেন্দ্রসচিব হিসেবে নিয়োগ প্রদান করা হলো। আপনার উদ্যোগে পরীক্ষা গ্রহণ ও পরিচালনা সংক্রান্ত গাইডলাইনে বর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে লিখিত পরীক্ষায় ইনভিজিলেটর নিয়োগ পূর্বক (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের অভিজ্ঞ ও দক্ষ নার্স-শিক্ষক সম্পৃক্ত করে এবং যে কক্ষে যে প্রতিষ্ঠানের পরীক্ষার্থী থাকবে ঐ কক্ষে অন্য প্রতিষ্ঠানের শিক্ষককে দায়িত্ব প্রদান বা বিভিন্ন প্রতিষ্ঠানের পরীক্ষার্থী মিলিয়ে আসন বিন্যাস করে) কাউন্সিলকে অবহিত করতে হবে। উক্ত দায়িত্ব পালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, নার্সিং কলেজ/ইনস্টিটিউট সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/সিভিল সার্জন/তত্ত্বাবধায়কগণ “কেন্দ্রপ্রধান” এর দায়িত্ব পালন করবেন বিধায় যৌথভাবে “স্থানীয় পরীক্ষা পরিচালনা কমিটি” গঠনের মাধ্যমে যথাযথ গোপনীয়তা ও নিরাপত্তার মধ্যে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে আপনাকে সাচিবিক দায়িত্ব পালনের অনুরোধ করা হলো। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয় কাউন্সিল কর্তৃক বহন করা হবে।

- ১। কাউন্সিল থেকে প্রশ্নপত্র সংগ্রহ (ক) ট্রেজারি ব্যয় (খ) কর্মকর্তা কর্মচারী সম্মানী (গ) নিরাপত্তা বাহিনী, (ঘ) গাড়ী ভাড়া/সংশ্লিষ্ট ব্যয় ও (ঙ) উত্তরপত্র প্রেরণ।
- ২। কেন্দ্র ব্যয় (জরুরী কাগজ, কলম, প্রিন্ট, ফটোকপি, স্টেশনারী ইত্যাদি): ৩০০ পরীক্ষার্থীর ক্ষেত্রে ২০০০, তদুর্দ্ধ: ৩,০০০/-।
- ৩। কেন্দ্র আপ্যায়ন ব্যয় (পরীক্ষা চলাকালীন পরীক্ষকদের নাস্তা বাবদ): ৩০০ পরীক্ষার্থীর ক্ষেত্রে ৩,০০০/-।
- ৪। কেন্দ্রপ্রধানের সম্মানী (সকল পরীক্ষা)ঃ প্রথম ৩০০ পরীক্ষার্থীর ক্ষেত্রে ৩,০০০/- ও পরবর্তী প্রতি ৫০ জনের জন্য ৫০০/- হারে।
- ৫। কেন্দ্রসচিবের সম্মানী (সকল পরীক্ষা)ঃ প্রথম ৩০০ পরীক্ষার্থীর ক্ষেত্রে ২,০০০/- ও পরবর্তী প্রতি ৫০ জনের জন্য ৪০০/- হারে।
- ৬। হলসুপার/ ইনভিজিলেটর ৩০০/- (প্রতি বিষয়, প্রতি ৩০ পরীক্ষার্থীর ক্ষেত্রে)।
- ৭। কেন্দ্রের অফিস স্টাফ (দাপ্তরিক কাজ) ২৫০/- (প্রতি দিন নির্ধারিত)।
- ৮। বেয়ারার (এমএলএসএস সার্ভিস) ২০০/- (লিখিতঃ প্রতিদিন প্রতি জন), ২০০/- (মৌখিক-ব্যবহারিকঃ প্রতি দিন, প্রতি জন)।
- ৯। পরীক্ষক: মৌখিক ও ব্যবহারিক (প্রতি বিষয়, প্রতি পরীক্ষার্থী) ৬০/- (৩০+৩০)।
- ১০। পরিদর্শক (টিএ/ডিএ) নির্ধারিত হারে টিকেট (এয়ার ব্যতীত) ও বিল জমাদান সাপেক্ষে।


(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার (০১৭১১-৬৯৪৫৪৬)
ফোন-৯৫৬১১১৬, ৯৫৬৪১৫৯, ৫৭১৬৪৩২৬
ই-মেইল: info@bnmc.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা, স্বাশিপকবি)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি-বিএনএমসি ও পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক/পুলিশ সুপার
৫. পরিচালক/সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক
৬. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং
৭. সহকারী পরিচালক (নার্সিং)/জেলা পাবলিক হেলথ নার্স
৮. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট (সকল),
৯. হিসাব শাখা/পরীক্ষা শাখা, বিএনএমসি (পরীক্ষা সংক্রান্ত যোগাযোগ: ০২-৯৫৬৪১৫৯, এক্স: ১০৮)।
১০. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ) ও হটলাইন নং ০১৫১১-৬৬৫৪১৪/০১৫১১-৬৬৫৪১৫।
১১. জনাব/ বেগম